





FEED THE FUTURE

The U.S. Government's Global Hunger & Food Security Initiative

সেকিডিস্ক ব্যবহার নির্দেশিকা



সেকিডিস্ক ২০ সেমি. পানির নিচে অদৃশ্য হলে-

- ▶▶ সার ও খাবার প্রয়োগ বন্ধ রাখুন
- ▶▶ রাতে ও ভোরে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করুন বিশেষ করে পানিতে অক্সিজেনের পরিমাণ বৃদ্ধি করার যেমন- পুকুরের পানিতে ঢেউ/ফোয়ারার ব্যবস্থা গ্রহণ।

২০-৩০ সেমি. পানির গভীরতায় সেকিডিস্ক দৃশ্যমান হলে-

- ▶▶ সার ও খাবার প্রয়োগ স্বাভাবিক রাখুন

৩০ সেমি. এর বেশি গভীরতায় সেকিডিস্ক দৃশ্যমান হলে-

- ▶▶ পুকুরে খাবারের পরিমাণ কমে গেছে
- ▶▶ সার প্রয়োগের পরিমাণ বাড়িয়ে দিন এবং খাবার সতর্কতার সাথে সমন্বয় করুন।

“প্রতিদিন কমপক্ষে একবার পুকুরে সেকিডিস্ক ব্যবহার করুন, রাতের ঘুম নিশ্চিত করুন”

সেকিডিস্ক ব্যবহারের উপকারিতা

পানির গুণাগুণসমূহ যেমন- প্রাকৃতিক খাদ্যের পরিমাণ, স্বচ্ছতা ও ঘোলাত্ব নিরূপণ করা যায়

মাছ চাষের জন্য চুন, সার ও অন্যান্য ইনপুট সমূহ সঠিক মাত্রায় ব্যবহার করা যায়

চাষি মাছ চাষের নানা রকমের ঝুঁকি ও অতিরিক্ত খরচের হাত থেকে রক্ষা পায়

সেকিডিস্ক ব্যবহারের নিয়মাবলী

সেকিডিস্ক তৈরি'র জন্য ৩০ সেমি. ব্যাস বিশিষ্ট সাদা-কালো রংয়ের ডিস্কটির মাঝ বরাবর উল্লম্বভাবে একটি ৩.৫ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট চৌকোনা কাঠের হাতল সংযুক্ত করতে হবে। কাঠের গায়ে সম্পূর্ণ সাদা রং করে তাতে দাগ কেটে স্কেল তৈরি করতে হবে। ডিস্কের উপরিতল হতে ২০ সেমি. পর্যন্ত উল্লম্ব কাঠ বরাবর লাল রং করে তার পর হতে ৩০ সেমি. পর্যন্ত সবুজ রং করতে হবে। ডিস্কটিকে ধীরে ধীরে পানিতে ততক্ষণ পর্যন্ত ডুবাতে হবে যতক্ষণ না এটি পানিতে অদৃশ্য হয়। ডিস্কটি পানিতে কতটুকু ডুবল স্কেলটির মাধ্যমে তা নির্ণয় করতে হবে। আশ্বে আশ্বে ডিস্কটি পানির উপরে তুলতে হবে যতক্ষণ না তা পুনরায় দৃশ্যমান হয়। ডিস্কটি পুনরায় দৃশ্যমান হলে পানির উপরিভাগ হতে ঐ স্থানটি কত দূরে তা স্কেলের মাধ্যমে নির্ণয় করে দু'টি মাপ হতে গড় করে সেকিডিস্ক গভীরতা নির্ধারণ করে উপরে চাঠের সাথে মিলিয়ে পানির গুণাগুণ নির্ণয় করা যায়।



USAID

আমেরিকার জনগণের পক্ষ থেকে



WorldFish